



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নং-৩৮.০১.০০০০.১৪০.৯৯.০১৮.২০১৯- ৭১৫

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৬  
১১ মার্চ ২০২০

**বিষয়:** করোনা ভাইরাস রোগ প্রতিরোধে করণীয়।

উর্পযুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সরকার ইতোমধ্যে ভাইরাস সংক্রমণরোধ ও এ রোগে আক্রান্ত রোগীদের চিকিৎসার্থে যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সচেতনতা ও সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাদীন সকল কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক-শিক্ষিকাসহ সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপ নির্দেশনা ও পরামর্শ অনুসরণের জন্য অনুরোধ করা হলো। বিশেষ করে বিদ্যালয়গুলোতে প্রধান শিক্ষকগণকে শিক্ষার্থীদের মধ্যে প্রদত্ত নির্দেশনা ও পরামর্শ পাঠ করে শোনানোসহ এ ভাইরাস সংক্রান্ত পরিস্থিতি পর্যবেক্ষণ এবং প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

❖ করোনা ভাইরাস যেভাবে ছড়ায়:

- এ ভাইরাস কোন প্রাণী থেকে মানুষের দেহে চুকে থাকে;
- এখন মানুষ থেকে মানুষে সংক্রমণিত হয়;
- করোনা ভাইরাস মানুষের ফুসফুসে সংক্রমণ ঘটায়;
- শ্বাসতন্ত্রের মাধ্যমে (হাঁচি/কাশি/কফ/থুথু) এবং
- আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসলে একজন থেকে আরেকজনের মধ্যে ছড়ায়।

❖ লক্ষণসমূহ:

- ভাইরাস শরীরে ঢোকার পর সংক্রমণের লক্ষণ দেখা দিতে প্রায় ২-১৪ দিন লাগে;
- বেশির ভাগ ক্ষেত্রে প্রথম লক্ষণ জ্বর;
- এছাড়া শুকনো কাশি/গলা ব্যথা হতে পারে;
- শ্বাসকষ্ট/নিউমোনিয়া দেখা দিতে পারে;
- অন্যান্য অসুস্থতা (ডায়াবেটিস/উচ্চ রক্তচাপ/শ্বাসকষ্ট/হৃদরোগ/কিডনী সমস্যা/ক্যান্সার ইত্যাদি) থাকলে অরগ্যান ফেইলিওর বা দেহের বিভিন্ন প্রত্যঙ্গ বিকল হতে পারে।

❖ প্রতিরোধে করণীয়:

➤ ব্যক্তিগত সচেতনতা-

- ঘন ঘন সাবান ও পানি দিয়ে হাত ধুতে হবে (অন্তত ২০ সেকেন্ড যাবৎ);
- অপরিষ্কার হাতে চোখ, নাক ও মুখ স্পর্শ করা যাবে না;
- ইতোমধ্যে আক্রান্ত এমন ব্যক্তিদের সংস্পর্শ এড়িয়ে চলতে হবে;
- কাশি শিষ্টাচার মেনে চলতে হবে (হাঁচি/কাশির সময় বাহু/টিস্যু/কাপড় দিয়ে নাক-মুখ ঢেকে রাখতে হবে);
- অসুস্থ পশু/পাখির সংস্পর্শ পরিহার করতে হবে;
- মাছ-মাংস ভালোভাবে রান্না করে খেতে হবে;
- অসুস্থ হলে ঘরে থাকতে হবে, বাইরে যাওয়া অত্যাৱশ্যক হলে নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করতে হবে;
- জরুরী প্রয়োজন ব্যতীত বিদেশে ভ্রমণ করা থেকে বিরত থাকুন এবং প্রয়োজন ব্যতীত এ সময়ে বাংলাদেশ ভ্রমণে নিরুৎসাহিত করতে হবে;
- প্রবাসী আত্মীয় স্বজনকে জরুরী প্রয়োজন ছাড়া বাংলাদেশ ভ্রমণে নিরুৎসাহিত করতে হবে;
- প্রয়োজন ছাড়া যে কোন জনসমাগম এড়িয়ে চলতে হবে;
- অত্যাৱশ্যকীয় ভ্রমণে সাবধানতা অবলম্বন করতে হবে।

❖ সন্দেহভাজন রোগীর ক্ষেত্রে করণীয়:

- অসুস্থ রোগীকে ঘরে থাকতে বলুন;
- মারাত্মক অসুস্থ রোগীকে নিকটস্থ হাসপাতালে যেতে বলুন;
- রোগীকে নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করতে বলুন;
- রোগীর নাম, বয়স, যোগাযোগের পূর্ণ ঠিকানা ও মোবাইল নম্বর সংরক্ষণ করুন এবং
- আইইডিসিআর এর করোনা কন্ট্রোল রুমে (০১৭০০-৭০৫৭৩৭) অথবা হটলাইন নম্বরে (০১৯৩৭-১১০০১১, ০১৯৩৭০০০০১১, ০১৯২৭-৭১১৭৮৪, ০১৯২৭-৭১১৭৮৫) যোগাযোগ করুন।

❖ করোনা ভাইরাস সম্পর্কে ভালোভাবে জানুন এবং অপরকে জানান।

বিষয়টি অতীব জরুরী।

বিভাগীয় উপপরিচালক  
প্রাথমিক শিক্ষা  
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/সিলেট/খুলনা/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।

স্বাক্ষরিত/-  
(মোঃ ফসিউল্লাহ)  
মহাপরিচালক

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য



স্মারক নং-৩৮.০১.০০০০.১৪০.৯৯.০১৮.২০১৯-

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৬  
১১ মার্চ ২০২০

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

- ১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। (পত্রটি ডিপিই এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার----- (সকল) জেলা।
- ৫। সুপারিনটেনডেন্ট, পিটিআই----- (সকল)।
- ৬। উপজেলা শিক্ষা অফিসার----- (সকল)।
- ৭। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার----- (সকল)।
- ৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। নোটিশ বোর্ড, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

(খান মোঃ নুরুল আমিন)

যুগ্ম-সচিব

ও

পরিচালক (পলিসি ও অপারেশন)

ফোন: ৫৫০৭৪৯১৮